গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, খুলনা

এবং

মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৩ - জুন ৩০, ২০২৪

# জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of the District/Circle Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনে নিয়োজিত সরকারের সর্ববৃহৎ প্রতিষ্ঠান হিসেবে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর মূল লক্ষ্য হচ্ছে মানব সংগঠনভিত্তিক উন্নত পল্লী গঠন। পল্লীর জনগণের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের মাধ্যমে টেকসই পল্লী উন্নয়ন নিশ্চিতকরণের লক্ষ্যে বিআরডিবি পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনমূলক মূল কার্যক্রমের পাশাপাশি বিভিন্ন কর্মসূচি ও উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করে আসছে। বিআরডিবি'র চলমান কর্মপ্রয়াসের অংশ হিসেবে গত তিন বছরে ১৫৯টি মানব সংগঠন সৃষ্টির মাধ্যমে পল্লীর জনগণকে উন্নয়নের জন্য সংগঠিত করা হয়েছে। তার মধ্যে ০.৫৩০০ লক্ষ জন সুফলভোগীকে ঋণ প্রদান করা, ৪.২৩০৭ কোটি টাকা উপকারভোগীদের নিজস্ব মূলধন গঠন করা এবং ০.০৩২৫৪ লক্ষ সুফলভোগীকে বিভিন্ন উৎপাদনমূখী ও আয়বর্ধনমূলক কার্যক্রমের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া মূলধন সহায়তা হিসেবে ৮১.৫৪৫৬ কোটি টাকা ঋণ বিতরণ করা এবং আদায়যোগ্য ঋণ হতে ৮৩.৯০৭০ কোটি টাকা ঋণ আদায় করা হয়েছে। চলমান প্রকল্পের আওতায় ১৩৮ টি ক্ষুদ্র অবকাঠামো নির্মাণ করা হয়েছে। বর্তমানে এসকল কার্যক্রম বাস্তবায়নে মূলকর্মসূচির পাশাপাশি মোট ১২টি বার্ষিক কর্মসূচিভুক্ত প্রকল্প চলমান রয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

অপর্যাপ্ত ঋণ তহবিল, সেবা মূল্যের উচ্চ হার, ব্যবস্থাপনার যথাযথ অনুশীলন নিশ্চিতনা করা, অপ্রতুল প্রশিক্ষণ তহবিল, সম্প্রসারণমূলক সকল কার্যক্রমের বাস্তবায়ন না করা, অতিমাত্রায় ক্ষুদ্র ঋণ নির্ভরতা, চলমান কার্যক্রম আইসিটি'র মাধ্যমে পরিচালিত না হওয়া, সমিতির সদস্য পর্যায়ে তথ্য ভান্ডার না থাকা, মাঠ পর্যায়ে নিয়মিত (বেতনভুক্ত) জনবল না থাকা, সেবামূলক সংস্থা হয়েও আয় থেকে ব্যয়ের ভিত্তিতে বেতন পরিশোধ, আধুনিক ও প্রযুক্তি নির্ভর মনিটরিং ব্যবস্থা না থাকা, পারফরমেন্স অডিটের অভাব এবং তৃণমূল পর্যায়ে সামগ্রিক কার্যক্রম সমন্বিতভাবে বাস্তবায়িত না হওয়া পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনে অন্যতম প্রধান চ্যালেন্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

আগামী ৩ অর্থবছরে ৩৩ টি সমিতি/দল গঠন, ৪.৭৯০০ কোটি টাকা মূলধন গঠন, ০.০০৮১০ লক্ষ জন উপকারভোগীদের আয়বর্ধনমূলক ও উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ প্রদান, ৯৬.০০ কোটি টাকা উপকারভোগীদের ঋণ বিতরণের মাধ্যমে ০.০২৫০০ লক্ষ জন উপকারভোগীদের কর্মসংস্থান সৃজনের মাধ্যমে স্বাবলম্বী করার কার্যক্রম গ্রহণ হচ্ছে । এছাড়া পর্যাপ্ত ঋণ তহবিল এর ব্যবস্থা করা, সেবামূল্যে নিম্ন হারে নামিয়ে আনা, পর্যাপ্ত প্রশিক্ষণ তহবিল তৈরী করা, সম্প্রসারণমূলক সকল কার্যক্রমে বাস্তবায়ন করা, অতিমাত্রায় ক্ষুদ্র ঋণ নির্ভরতা কমিয়ে আনা, চলমান কার্যক্রম আইসিটি'র মাধ্যমে পরিচালিত হওয়া, আধুনিক ও প্রযুক্তি নির্ভর মনিটরিং ব্যবস্থা চালু করা, তৃণমূল পর্যায়ে সামগ্রিক কার্যক্রম সমন্বিতভাবে বাস্তবায়িত হওয়া, পারফরমেন্স অডিটের মাধ্যমে কার্যক্রম সঠিকভাবে পরিচালিত করা, অর্থনৈতিক কর্মকান্ডে প্রশিক্ষণের মাধ্যমে নারীর শিক্ষা ও স্বাস্থ্য নিশ্চিত করা এবং ক্ষুদ্র ও অবকাঠামো উন্নয়ন বৃদ্ধি, শিক্ষা/অপ্রাতিষ্ঠানিক শিক্ষা প্রদান, বার্ষিক প্রতিবেদন/একনজরে ত্রৈমাসিক প্রতিবেদন প্রস্তুত করার পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে।

**২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- - মুজিব বর্ষ উপলক্ষে উপকারভোগীদের মাঝে ৬টি সমিতিতে গাছের চারা বিতরণ;
- - ৯ টি পল্লী মানব সংগঠন সৃষ্টি;
- - ১৮ টি প্রাথমিক সমবায় সমিতি সক্রিয়করণ ;
- - ১৩১০ জন উপকারভোগী সদস্যকে প্রশিক্ষণ প্রদান;
- - পুঁজি গঠন ১.৫৪ কোটি টাকা;
- - উপকারভোগীদের মাঝে ঋণ বিতরণ ৩০.০০ কোটি টাকা এবংআদায়যোগ্য ঋণের ৩১.০০কোটি টাকা আদায় করা হবে।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, খুলনা

এবং

মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)-এর মধ্যে ২০২৩ সালের ....জুন........ মাসের ২৪/০৬/২৩ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## জেলা / সার্কেল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

মানব সংগঠন ভিত্তিক উন্নত পল্লী ।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

স্থানীয় জনগোষ্ঠীকে সংগঠিতকরে প্রশিক্ষণ, মূলধন সৃজন, আধুনিক প্রযুক্তি, বিদ্যমান সুযোগ ও সম্পদের সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে আত্মনির্ভরশীল সমৃদ্ধ পল্লী।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সদস্যদের আর্থিক সেবাভুক্তি
২. মানব সম্পদ উন্নয়ন
৩. পল্লীর দরিদ্র জনগোষ্ঠীর সক্ষমতা উন্নয়ন
৪. সম্প্রসারণমূলক কার্যক্রম

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. অনানুষ্ঠানিক মানব সংগঠন সৃষ্টি ও আনুষ্ঠানিক মানব সংগঠন সক্রিয়করণ
২. উদ্বুদ্ধকরণ আয়বর্ধনমূলক ও দক্ষতা উন্নয়ন এবং সক্ষমতা উন্নয়ন প্রশিক্ষণ
৩. উপকারভোগীদের মূলধন সৃষ্টি ও এর ব্যবস্থাপনা
৪. কৃষি ঋণ, ক্ষুদ্রঋণ বিতরণ ও এর ব্যবস্থাপনা
৫. বিভিন্ন অংশীজনদের মাঝে পল্লী উন্নয়ন কার্যক্রমের সমন্বয় সাধন
৬. পল্লী উন্নয়ন ও দারিদ্র বিমোচন বিষয়ক উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন

## সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৪-২০২৫ | ২০২৫-২০২৬ | | |
| সদস্যদের আর্থিক সেবাভুক্তি | সদস্যভুক্তি ( আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক) | জন ( লক্ষ ) ক্রমপুঞ্জিত | ০.৪২৮১৪ | ০.৪৩৪৩৪ | ০.৪৩৬১৪ | ০.৪৩৮১৪ | ০.৪৪০৩৪ | বিআরডিবি, খুলনা'রসকল প্রকল্প/কর্মসূচি | ৮ম পঞ্চবার্ষিকি কর্ম পরিকল্পনা/ এসডিজি/ প্রেক্ষিত- ২০৪১ |
| পল্লী জনগোষ্ঠীর সক্ষমতা উন্নয়ন | আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক মোট সদস্যের বিপরীতে আত্মকর্মসংস্থান সৃজিত উপকারভোগীর সংখ্যা | জন (লক্ষ) ক্রমপুঞ্জিত | ০.৪২৮১৪ | ০.৪৩৪৩৪ | ০.৪৩৬১৪ | ০.৪৩৮১৪ | ০.৪৪০৩৪ | বিআরডিবি, খুলনা'রসকল প্রকল্প/কর্মসূচি | - |
| সদস্যদের আর্থিক সেবাভুক্তি | সদস্যদের আর্থিক সেবাভূক্তি | জন (লক্ষ) ক্রমপুঞ্জিত | .০৭০১৫ | .১৫২৮১ | .২৩৫৮১ | .২৪০০০ | ০.২৫০০০ | নারীর সামাজিক ও অর্থনৈতিক ক্ষমতায়ন | নারী উন্নয়ন নীতি ২০১১, টেকসই উন্নয়ন অভীষ্ঠ, প্রেক্ষিত পরিকল্পনা-২০২১-৪১, অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা, নির্বাচনী ইস্তেহার |
| মানব সম্পদ উন্নয়ন | মানব সম্পদ উন্নয়ন | জন (লক্ষ) ক্রমপুঞ্জিত | ০.০৩৪৩০ | ০.০৬১৩০ | ০.০৭৪৪০ | ০.০৭৫১০ | ০.০৭৫৮০ | প্রশিক্ষণ | - |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩
## কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] সদস্যদের আর্থিক সেবাভুক্তি | ২৫ | [১.১] সদস্যদের নিজস্ব মূলধন ( শেয়ার ও সঞ্চয়) বৃদ্ধি | [১.১.১] জমাকৃত সঞ্চয় | সমষ্টি | টাকা (কোটি) | ৫ | ১.১০৩৬ | ১.৩৭৪৭ | ১.৩৮ | ১.৩৭৬ | ১.৩৭৪ | ১.৩৭২ | ১.৩৭ | ১.৪০ | ১.৪২ |
| | | | [১.১.২] ক্রয়কৃত শেয়ার | সমষ্টি | টাকা (কোটি) | ৩ | ০.১৬২৭ | ০.১৫৩৭ | ০.১৬০০ | ০.১৫৬০ | ০.১৫৪০ | ০.১৫২০ | ০.১৫০০ | ০.১৭০০ | ০.১৮০০ |
| | | [১.২] সদস্যদের মাঝে সহজ শর্তে ঋণ বিতরণ | [১.২.১] বিতরণকৃত ঋণ | সমষ্টি | টাকা (কোটি) | ৪ | ২৪.৪০৪৫ | ৩০.৩৮৮০ | ৩১.০০০০ | ৩০.৫০ | ৩০.৪৫ | ৩০.৪০ | ৩০.৩৮৮০ | ৩১.৫০ | ৩২.০০ |
| | | | [১.২.২] আদায়কৃত ঋণ | সমষ্টি | টাকা (কোটি) | ৩ | ২৫.৪৩৫৮ | ৩০.২০ | ৩১.০০ | ৩০.৬০ | ৩০.৪০ | ৩০.৩০ | ৩০.২০ | ৩১.৫০ | ৩২.০০ |
| | | | [১.২.৩] ঋণ গ্রহীতা সদস্য (পুরুষ) | সমষ্টি | জন (লক্ষ) | ৩ | ০.১০৫২১ | ০.১২৩৮২ | ০.১০১০০ | ০.১০০৭৫ | ০.১০০৫০ | ০.১০০২৫ | ০.১০০০০ | ০.১০৩০০ | ০.১০৪০০ |
| | | | [১.২.৪] ঋণ গ্রহীতা সদস্য (মহিলা) | সমষ্টি | জন (লক্ষ) | ৩ | ০.০৭০১৫ | ০.০৮২৬৬ | ০.০৮৩০০ | ০.০৮২৯০ | ০.০৮২৮০ | ০.০৮২৭০ | ০.০৮২৬৬ | ০.০৮৩৫০ | ০.০৮৪০০ |
| | | | [১.২.৫] বাৎসরিক ঋণ আদায়ের হার | সমষ্টি | % | ২ | ৭১ | ৭৪ | ৭৮ | ৭৭ | ৭৬ | ৭৫ | ৭৪ | ৭৯ | ৮০ |
| | | | [১.২.৬] খেলাপী ঋণের পরিমান( স্থিতি) | সমষ্টি | টাকা (কোটি) | ২ | ৮.৭৪৭৩ | ৮.৪২৭৩ | ৭.৫০ | ৭.৭০ | ৭.৮০ | ৮.০০ | ৮.৪২৭৩ | ৭.০০ | ৬.৫০ |
| [২] মানব সম্পদ উন্নয়ন | ১৭ | [২.১] সমবায় সমিতি ও অনানুষ্ঠানিক দলের সদস্যদের মধ্যে উদ্বুদ্ধকরণ আয়বর্ধণমূলক প্রশিক্ষণ প্রদান | [২.১.১] আয়বর্ধন প্রশিক্ষন গ্রহনকারী উপকারভোগীর সংখ্যা | সমষ্টি | জন (লক্ষ) | ৫ | ০.০০৯৮০ | ০.০০৮৭৪ | ০.০০৮৮০ | ০.০০৮৭৮ | ০.০০৮৭৭ | ০.০০৮৭৬ | ০.০০৮৭৪ | ০.০০৮৯০ | ০.০০৮৯৫ |
| | | | [২.১.২] উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ গ্রহণকারীর সংখ্যা | সমষ্টি | জন (লক্ষ) | ৪ | ০.০২৪৫০ | ০.০২২৮২ | ০.০০১৭৫ | ০.০০১৭০ | ০.০০১৬৮ | ০.০০১৬৬ | ০.০০১৬৫ | ০.০০১৮০ | ০.০০১৮৫ |
| | | | [২.১.৩] সদস্যদের আত্মকর্মসংস্থান সৃজন | সমষ্টি | জন (লক্ষ) | ৫ | ০.০২১৩৫ | ০.০২০৯৮ | ০.০২১৪৫ | ০.০২১৪০ | ০.০২১৩৫ | ০.০২১৩০ | ০.০২১০০ | ০.০২১৫০ | ০.০২১৬০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| | | [২.২] কর্মকর্তা/কর্মচারীগণের সক্ষমতা উন্নয়নে সমসাময়িক বিষয় নিয়ে লার্নিং সেশন | [২.২.১] কর্মকর্তা/কর্মচারীগণের সক্ষমতা উন্নয়নে সমসাময়িক বিষয় নিয়ে লার্নিং সেশন | সমষ্টি | সংখ্যা (টি) | ৩ | ০ | ০ | ২ | ১ | ১ | ১ | ১ | ২ | ২ |
| [৩] পল্লীর দরিদ্র জনগোষ্ঠীর সক্ষমতা উন্নয়ন | ১৫ | [৩.১] সমবায় সমিতি এবং অনানুষ্ঠানিক দলের মাধ্যমে জনগনকে সংগঠিত করা | [৩.১.১] সমবায় সমিতি সক্রিয়করণ | সমষ্টি | সংখ্যা (টি) | ২ | ৮ | ১৩ | ১৮ | ১৬ | ১৫ | ১৪ | ১৩ | ১৯ | ২০ |
| | | | [৩.১.২] গঠিত অনানুষ্ঠানিক দল | সমষ্টি | সংখ্যা (টি | ২ | ২৬ | ৩৩ | ৯ | ৮ | ৭ | ৭ | ৬ | ৯ | ৯ |
| | | [৩.২] সংগঠিত সমবায় সমিতি অডিট | [৩.২.১] অডিটকৃত প্রাথমিক সমবায় সমিতি | সমষ্টি | সংখ্যা (টি | ৫ | ৫৭৪ | ৬৯৭ | ৭০০ | ৬৯৯ | ৬৯৮ | ৬৯৭ | ৬৯৭ | ৭০২ | ৭০৫ |
| | | | [৩.২.২] কার্যকর সমবায় সমিতির অডিট সম্পাদনের হার | সমষ্টি | % | ৪ | ৭৭ | ৯৮ | ৯৯ | ৯৮ | ৯৮ | ৯৮ | ৯৮ | ১০০ | ১০০ |
| | | | [৩.২.৩] ক্ষুদ্র উদ্যোক্তা (এস এম ই) ঋণ বিতরণ | সমষ্টি | টাকা (কোটি) | ১ | ০ | ০.৫৪৫০ | ০.৫০ | ০.৪৫ | ০.৪০ | ০.৩৮ | ০.৩৭ | ০.৬০ | ০.৭০ |
| | | | [৩.২.৪] ক্ষুদ্র উদ্যোক্তা (এস এম ই) সদস্য | সমষ্টি | জন (লক্ষ) | ১ | ০ | ০.০০০৫৪ | ০.০০০৬০ | ০.০০০৫৮ | ০.০০০৫৭ | ০.০০০৫৬ | ০.০০০৫৫ | ০.০০০৬৫ | ০.০০০৭০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [৪] সম্প্রসারণমূলক কার্যক্রম | ১৩ | [৪.১] তদারকি কার্যক্রম পরিদর্শণ | [৪.১.১] সমবায়ীদের গাছের চারা বিতরণ | সমষ্টি | সমিতি সংখ্যা | ৩ | ২ | ২ | ৬ | ৫ | ৪ | ৩ | ২ | ৭ | ৮ |
| | | | [৪.১.২] প্রাথমিক সমিতি/দল পরিদর্শন | সমষ্টি | সংখ্যা (টি) | ৩ | ৯ | ৯ | ৯ | ৮ | ৭ | ৭ | ৬ | ৯ | ৯ |
| | | [৪.২] আয়বর্ধণমূলক কর্মকান্ডে অংশগ্রহণ | [৪.২.১] জীবিকায়ণ পল্লী | সমষ্টি | সংখ্যা (টি | ২ | ০ | ০ | ২ | ১ | ১ | ১ | ১ | ২ | ৩ |
| | | | [৪.২.২] আয়বর্ধণ কর্মকান্ডে নিয়োজিত নারী | সমষ্টি | জন (লক্ষ) | ৩ | ০.০৩৯২৪ | ০.০৪৩৫১ | ০.০৪৩৬০ | ০.০৪৩৫৭ | ০.০৪৩৫৪ | ০.০৪৩৫৩ | ০.০৪৩৫১ | ০.০৪৩৬৫ | ০.০৪৩৭০ |
| | | | [৪.২.৩] আয়বর্ধণ কর্মকান্ডে নিয়োজিত পুরুষ | সমষ্টি | জন (লক্ষ) | ২ | ০.০৩৯৯২ | ০.০৪১৫২ | ০.০৪১৬০ | ০.০৪১৫৭ | ০.০৪১৫৫ | ০.০৪১৫৩ | ০.০৪১৫২ | ০.০৪১৬৫ | ০.০৪১৭০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, খুলনা, মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) হিসাবে উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, খুলনা-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| উপপরিচালক<br>বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, খুলনা | ২৪/০৬/২৩<br>তারিখ |
| মহাপরিচালক<br>বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) | ২৪/৬/২৩<br>তারিখ |